# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**12 SEPTEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় সরকার আরো ২ কোটি পরিবারকে গৃহ প্রদানের লক্ষে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীন প্রকল্পটি আরো ৫ বছরের জন্য বৃদ্ধি করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ ই সেপ্টেম্বর ঝাড়খন্ডের জামসেদপুরে দ্বিতীয় পর্যায়ের প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পের উদ্বোধন করবেন । দেশের ১০ লক্ষ হিতাধিকারীকে প্রথম কিস্তির অর্থ প্রদান সহ ২৬ লক্ষ ঘরের গৃহ প্রবেশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অংশ নেবেন । এই প্রকল্পের মাধ্যমে আসামে ১ লক্ষ ৭১ হাজার ৫৯৩ টি গৃহ প্রদান বরাদ্দ করা হয়েছে । প্রদান করা গৃহের জন্য রাজ্যের হিতাধিকারীরা ১৫ই সেপ্টেম্বর প্রথম কিস্তির অর্থ লাভ করবেন । দেশের অন্যান্য প্রান্তের সংগে রাজ্যেও ১ লক্ষেরও অধিক ঘরের গৃহ প্রবেশ অনুষ্ঠানের আয়োজন করা হবে । উল্লেখ্য আসামে গত ৩ বছরে ১৫ লক্ষ ১৩ হাজারেরও বেশী গৃহ নির্মাণ কাজ সম্পূর্ন হয়েছে । প্রধানমন্ত্রী আবাস যোজনার জন্য হিতাধিকারীদের স্থায়ী অপেক্ষা তালিকায় অর্ন্তভূক্ত করার জন্য নতুন সমীক্ষা আরম্ভ করতে প্রধানমন্ত্রী এদিন নতুন আবাস প্লাস সমীক্ষারও শুভারম্ভ করবেন ।

রাজ্যের পঞ্জায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস জানিয়েছেন যে আগামী ১৫ই সেপ্টেম্বরের অনুষ্ঠানের মাধ্যমে দেশের বাকী অংশের সংগে আসামেও দ্বিতীয় পর্যায়ের প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীন প্রকল্পের সূচনা করা হবে ।

---

কাছাড় জেলায় রাজ্যস্তরের তৃতীয় শ্রেনীর পদের নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ১৫ ই সেপ্টেম্বর ১৪২ টি বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এর পরিপ্রেক্ষিতে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট রোহন কুমার ঝা এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সম্পূর্ন পরীক্ষার প্রক্রিয়া অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে নিরাপত্তাজনিত বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এছাড়া প্রতিটি পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী এবং পরীক্ষা পরিচালনায় নিয়োজিত ব্যাক্তিরা ছাড়া লোকসমাগম হতে দেওয়া হবে না বলে বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে ।

---

আগামী ১৫ ই সেপ্টেম্বর শিলচরে অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট পরীক্ষায় যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য চারটি বিশেষ ট্রেন এবং জেলার চার জায়গা থেকে বিশেষ বাসের ব্যবস্থা করা হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে গৃহীত এই ব্যবস্থার অধীনে ট্রেনগুলি জামিরা থেকে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে । এছাড়া হাইলাকান্দি জেলার কলেজ রোড বাস ষ্টেন্ড , গাছতলা বাসষ্টেন্ড থেকে ধোয়ারবন্দ হয়ে , লালাবাজার থেকে ধোয়ারবন্দ হয়ে এবং ঘাড়মুড়া থেকে কাঠাখাল হয়ে ট্রেভেলার বাসগুলি শিলচর অভিমুখে যাত্রা করবে । ভোর পাচটা থেকে ট্রেভেলার বাসগুলি ১০ থেকে ১৫ মিনিট পর পর চলাচল করবে । শিলচর আই এস বিটি পর্যন্ত বাসগুলি চলাচল করবে । এদিকে যে চারটি বিশেষ ট্রেন জামিরা থেকে যাতায়াত করবে সেগুলির সময়সূচী হলো ১৪ ই সেপ্টেম্বর সকাল ১০ টা , সন্ধ্যা ৬ টা , রাত ৯ টা এবং ১৫ সেপ্টেম্বর ভোর ৩ টে ।

---

রাজ্যস্তরের তৃতীয় শ্রেনীর পদে করিমগঞ্জ জেলার চাকুরী প্রার্থীদের শিলচরে আসার জন্যও বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে । করিমগঞ্জ-শিলচর ট্রেন আগামী শনিবার রাত আটটায় করিমগঞ্জ থেকে যাত্রা করে ঐদিন রাত দশটা তিরিশ মিনিটে শিলচর পৌঁছুবে । ট্রেনটি পরদিন বিকেল পাঁচটায় শিলচর থেকে ট্রেনটি যাত্রা করে দুঘন্টা ৪০ মিনিটে করিমগঞ্জ পৌঁছুবে । এছাড়া করিমগঞ্জ-শিলচর আরেকটি ট্রেন আগামী রবিবার বিকেল চারটায় করিমগঞ্জ থেকে যাত্রা করে ঐদিন সন্ধ্যে ৬ টা ৪০ মিনিটে শিলচর পৌঁছুবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে সেপ্টেম্বর আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্ব ।
প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে প্রধানমন্ত্রীকে পরামর্শ প্রদান করতে পারবেন । সেইসঙ্গে নরেন্দ্র মোদী এ্যাপ  বা মাই গভট ওপেন ফোরামের  মাধ্যমেও পরামর্শ প্রদান করা যাবে । অনুষ্ঠানটির আসন্ন পর্বের জন্য ২৭ সেপ্টেম্বর পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে ।
আকাশবাণী ও দূরদর্শনের সব নেটওয়র্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আরমোবাইল এ্যাপের মাধ্যমে ২৯ সেপ্টেম্বর সকাল ১১ টায় এই অনুষ্ঠান প্রচার করা হবে । ।আকাশবাণী ,দূরদর্শন নিউজ , প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে ।

---

করিমগঞ্জ জেলায় শিশু সুরক্ষার ক্ষেত্রে সচেতনতা ও শিবির আয়োজন করতে গতকাল করিমগঞ্জ জেলা শিশু সুরক্ষা ইউনিটের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগীতায় সহযোগী বিভাগগুলিকে নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় করিমগন্জের সহকারী আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত  জেলা শিশু সুরক্ষা আধিকারিক প্রিয়াঙ্কা ইয়মনাম জেলায় শিশুশ্রম , শিশু বিবাহ , অবৈধ দত্তক ইত্যাদি বিষয় নিয়ে বিগত বছর এবং চলতি বছরের মামলাগুলির পরিসংখ্যান তুলে ধরেন । সেইসঙ্গে শিশুদের সুরক্ষায় থাকা আইনী ব্যাবস্থা  ও সুরক্ষা পদ্ধতি সম্পর্কে জনসাধারণকে অবগত করানো এবং শিশু পাচার ,শিশুশ্রম  প্রতিরোধে সচেতনতা গড়ে তোলা কার্যসূচীর অধীনে আগামী ১৭ই সেপ্টেম্বর থেকে ২৬ শে অক্টোবর পর্যন্ত নির্ধারিত দিনগুলিতে শিশুদের তৈরী হস্তশিল্পের  প্রদর্শনী , পথনাটিকা ,অংকন ,ক্যুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে সভায় জানানো হয়  । সভায় অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম ,ডেপুটি পুলিশ সুপার নারায়ণ বড়ো ,জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব মণিকা বড়ো প্রমূখ  অংশগ্রহণ করেন ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর-কুম্ভীরগ্রাম সড়কের সদরঘাট নতুন সেতুতে সংস্কার কাজের জন্য আজ থেকে আগামী পয়লা অক্টোবর পর্য্যন্ত নতুন সেতু দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে এই সময়কালে সদরঘাট পুরোন সেতু দিয়ে সব ধরনের যান চলাচল অব্যাহত থাকবে ।

---

দেশবন্ধু ক্লাব ফুটবল প্রতিযোগীতা আগামীকাল থেকে শুরু হচ্ছে । মোট ১৬ টি দল নিয়ে নকআউট পদ্ধতিতে প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্যের উপস্থিত থাকার কথা রয়েছে ।

---